গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mowr.gov.bd

নম্বর: ৪২.০০.০০০০.০০০.০৩২.১১.০০৫৪.২২.১৫৩

তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ২২ জুলাই ২০২৫ তারিখের ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২৭৬৪.২০২৫-১৩৯ সংখ্যক স্মারকের সুপারিশ, মেডিকেল বোর্ডের প্রত্যয়ন, পুলিশ প্রত্যয়ন ও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এবং সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯-এর আলোকে জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুসারে টাকা: ২২,০০০-৫৩,০৬০/- বেতনক্রমে (গ্রেড-৯) পানি সম্পদ মন্ত্রণালয়ের "সহকারী প্রোগ্রামার" (নন-ক্যাডার) পদে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অস্থায়ীভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো:

প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম	বর্তমান ঠিকানা	স্থায়ী ঠিকানা	রেজি: নম্বর
জনাব গোলাম সাকিব পিতা: জনাব মোঃ গোলাম ফারুক মাতা: গোলেনা আক্তার	১৬০/৮, এস. এস. শাহ রোড, আমিন আবাসিক এলাকা, বন্দর, নারায়গঞ্জ।	গ্রাম: সালেহনগর, ডাকঘর: বন্দর উপজেলা: বন্দর জেলা: নারায়গঞ্জ।	০০৪৭০৬

শর্তসমূহ:

(ক) যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে;

(খ) তিনি যোগদানের তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছর শিক্ষানবিশ (Probationer) হিসেবে গণ্য হবেন। এই সময়ের মধ্যে তিনি যদি অনুপযুক্ত বিবেচিত হন, তবে কোনো কারণ দর্শানো ছাড়াই কর্তৃপক্ষ তাকে চাকরি হতে অপসারণ করতে পারবেন;

(গ) সন্তোষজনক শিক্ষানবিশকাল অতিক্রান্ত হলে যথাযথ প্রক্রিয়ায় তাকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঘ) যোগদানের সময় সকল শিক্ষাগত সনদ ও নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে;

(ঙ) তিনি সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯; সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮; এবং সময় সময় জারীকৃত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবেন;

(চ) চাকরিতে যোগদানের সময় তাকে তার দখলভুক্ত/মালিকানাধীন স্থাবর ও অস্থাবর সম্পত্তির একটি ঘোষণাপত্র (সম্পদ বিবরণী) দাখিল করতে হবে এবং প্রতি ০৫ (পাঁচ) বছর অন্তর হালনাগাদ বিবরণী জমা দিতে হবে;

(ছ) দায়িত্ব পালনকালে সরকারি ডাটাবেজ, গোপনীয় তথ্য বা সিস্টেমের নিরাপত্তা ও গোপনীয়তা বজায় রাখতে তিনি বাধ্য থাকবেন। তথ্য ফাঁস বা সাইবার নিরাপত্তার কোনো ব্যত্যয় ঘটলে তিনি প্রচলিত আইন ও বিধি মোতাবেক দায়ী থাকবেন;

(জ) আবেদনপত্রে বা ব্যক্তিগত তথ্যে কোনো ভুল বা অসত্য তথ্য প্রদান করলে বা কোনো তথ্য গোপন করলে এবং পরবর্তীতে তা প্রমাণিত হলে কোনো কারণ দর্শানো ছাড়াই এই নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ঝ) তিনি সরকারের প্রচলিত বিধি মোতাবেক বেতন-ভাতা ও অন্যান্য আর্থিক সুবিধাদি প্রাপ্য হবেন;

(ঞ) নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ বিষয় প্রচলিত আইন ও বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;

(ট) উল্লিখিত শর্তাবলী তার নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ৩১ মার্চ ২০২৬ তারিখের মধ্যে সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

০৩। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১০-০৩-২০২৬
মুহাম্মাদ ইব্রাহীম
উপসচিব
ফোন : ৫৫১০০৭০১
ইমেইল : admin2@mowr.gov.bd

নম্বর: ৪২.০০.০০০০.০০০.০৩২.১১.০০৫৪.২২.১৫৩/১ (১৪)

তারিখ: ২৫ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১০ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিনিয়র সচিব, সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
২। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ।
৩। সচিব , সচিবের দপ্তর, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন।
৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়।
৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়।
৬। সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পানি সম্পদ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (উক্ত প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, পানি সম্পদ মন্ত্রণালয়, ১২ তলা সেগুন বাগিচা, ঢাকা।
১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, পানি সম্পদ মন্ত্রণালয়।
১১। জনাব গোলাম সাকিব, পিতা: জনাব মো: গোলাম ফারুক, গ্রাম: সালেহনগর, ডাকঘর: বন্দর, উপজেলা: বন্দর, জেলা: নারায়গঞ্জ।
১২। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়।
১৩। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয় এবং
১৪। অফিস কপি, ।

১০-০৩-২০২৬
মুহাম্মাদ ইব্রাহীম
উপসচিব